53

আজকের কাগজ

তারিখ ১৫.৯.৯১
পৃষ্ঠা ১ কলাম ২

২০

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিবেশ পরিষদ

# সন্ত্রাসকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পুলিশের প্রতি অনুরোধ

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের এক সভার সিদ্ধান্তে বলা হয়েছে, যেহেতু বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের সঙ্গে যারা জড়িত তাদের পরিচয় জানা আছে বলে পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে, সেহেতু নিরপেক্ষভাবে কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করুক।

গতকাল শনিবার বিকেলে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে প্রশাসনভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবশ পরিষদের এ সভা অনুষ্ঠিত হয়। সভায় আরো যে সকল সিদ্ধান্ত নেয়া হয় সেগুলো হলো, কেন্দ্রীয়ভাবে ছাত্র সংগঠনগুলো বিশ্ববিদ্যালয় ইউনিটের নেতাদের সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন করা হবে। এ মনিটরিং কমিটি বিশ্ববিদ্যালয় খোলার দিন থেকে অন্ততঃ এক সপ্তাহ প্রতিদিন বৈঠক করবেন। পরবর্তী পর্যায়ে প্রয়োজনে যে কোনো দিন বৈঠক হতে পারে।

প্রতিটি হলে একটি পরিবেশ পরিষদ গঠন করা হবে এবং হলে কোনো বহিরাগত বা অস্ত্রধারীকে অবস্থান করতে দেয়া হবে না।

সভায় আগামী ১৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে ক্যাম্পাসে বিরাজমান পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় ঢাকা বিশ্ববিদ্যালয় পুরোপুরি সন্ত্রাস মুক্ত নয় বলে অভিমত ব্যক্ত করা হয়। বিশ্ববিদ্যায়ের পক্ষ থেকে উপাচার্য সকল ছাত্র সংগঠনকে এ মর্মে আশ্বাস দেন যে, ছাত্র সংগঠনগুলোর পারস্পরিক সম্পর্কের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে বিশ্ববিদ্যালয় প্রশাসন নিরপেক্ষ থাকবে।

গতকাল শনিবার উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, প্রক্টর ও সহকারী প্রক্টরদের এক যৌথ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সকলে একমত হন যে, বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসের চরিত্র মূলত রাজনৈতিক এবং বহুলাংশেই তা বহিরারোপিত। যে ধরনের সশস্ত্র সন্ত্রাসের ফলে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যায় তা নির্মূল করা বা সম্পূর্ণভাবে প্রতিরোধ করা বিশ্ববিদ্যালয়ের একার পক্ষে সম্ভব নয়। প্রকৃতপক্ষে শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনের পূর্ব শর্ত হচ্ছে রাজনৈতিক সমঝোতা।

আলোচনায় সিদ্ধান্ত নেয়া হয়, প্রতিটি হলের ছাত্র যাতে তার নিজ নিজ কক্ষে অবস্থান করতে পারে এবং সন্ত্রাসকারী বা বহিরাগত কেউ হলে অবস্থান গ্রহণ করতে না পারে সে ব্যাপারে হল প্রশাসন সব সময় সতর্ক থাকবে। প্রভোস্ট কমিটি এ সম্পর্কে সুনির্দিষ্ট প্রস্তাবমালা তৈরি করবেন এবং তা যাতে সকল হলে সমভাবে পালিত হয় সে সম্পর্কে সজাগ থাকবেন।

সভায় আরো সিদ্ধান্ত নেয়া হয়, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ বন্ধ থাকাকালীন কোনো হলে কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে কোনো ছাত্র অবস্থান করলে হল প্রশাসন উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।